

কোন কোলন ক্যান্সার স্ক্রিনিংটি আমার জন্য সঠিক?

কোলন ক্যান্সার (কলোরেক্টাল ক্যান্সার নামেও পরিচিত) স্ক্রিনিংয়ের জন্য **কোলনোস্কোপি** এবং **মল-ভিত্তিক পরীক্ষাগুলি** হলো সাধারণ উপায়। নিচের প্রশ্ন ও উত্তরগুলি আপনাকে আপনার জন্য সেরা বিকল্পটি বেছে নিতে দুটি বিকল্প তুলনা করতে সাহায্য করবে। আপনার যদি অতিরিক্ত প্রশ্ন থাকে তবে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে জিজ্ঞাসা করুন।



	কোলনোস্কোপি	মল-ভিত্তিক পরীক্ষা
কে স্ক্রিনিং সম্পন্ন করেন?	একজন স্বাস্থ্যসেবা পেশাদার।	আপনি নিজে।
স্ক্রিনিং কোথায় করা হয়?	চিকিৎসকের অফিসে বা স্বাস্থ্যসেবা কেন্দ্রে।	বাড়িতে।
স্ক্রিনিংয়ের আগে কি আমার কোনো প্রস্তুতির প্রয়োজন আছে?	হ্যাঁ। কোলনোস্কোপির আগের দিন আপনাকে তরলজাত আহার গ্রহণ করতে হবে এবং আপনার কোলন পরিষ্কার করার জন্য ওষুধ খেতে হবে। স্ক্রিনিংয়ের পর আপনাকে কেউ বাড়িতে নিয়ে যেতে পারবে সেটিও আপনাকে নিশ্চিত করতে হবে।	সাধারণত কোনো বিশেষ প্রস্তুতির প্রয়োজন নেই।
স্ক্রিনিং চলাকালীন কি আমার কিছু করতে হবে?	না। কোলনোস্কোপি করার সময় আপনাকে ঘুমানোর জন্য ওষুধ (সিডেশন) দেওয়া হবে।	হ্যাঁ। আপনাকে আপনার নিজের মলের (বিষ্ঠা) নমুনা নিতে হবে।
স্ক্রিনিংয়ের পর কি আমার কিছু করতে হবে?	হ্যাঁ। এরপর আপনাকে বাড়িতে পৌঁছে দেওয়ার জন্য কাউকে প্রয়োজন হবে। আপনাকে একা যাওয়ার অনুমতি দেওয়া হবে না।	হ্যাঁ। আপনাকে হয় পরীক্ষাটি মেইলে ফেরত পাঠাতে হবে অথবা আপনার প্রদানকারীর অফিসে বা ল্যাবে গিয়ে দিয়ে আসতে হবে।
আমার কতদিন পরপর স্ক্রিনিং করা দরকার?	যদি আপনার ফলাফল স্বাভাবিক হয় এবং আপনার কোলন ক্যান্সারের বাড়তি ঝুঁকি না থাকে, তবে আপনার পরবর্তী কোলনোস্কোপি 10 বছর পর করানো উচিত।	আপনি কোন ধরনের পরীক্ষা করছেন তার ওপর ভিত্তি করে প্রতি এক থেকে তিন বছর অন্তর একটি মল-ভিত্তিক পরীক্ষা করা প্রয়োজন।

	কোলনোস্কোপি	মল-ভিত্তিক পরীক্ষা
স্ক্রিনিংয়ের মাধ্যমে কী পরীক্ষা করা হচ্ছে?	কোলনোস্কোপির মাধ্যমে সরাসরি আপনার কোলনের ভেতর দেখা হয়। একজন প্রদানকারী পলিপ শনাক্ত ও অপসারণ করতে একটি বিশেষ যন্ত্র ব্যবহার করেন। কোলনোস্কোপি উপসর্গ শুরু হওয়ার আগেই ক্যান্সার শনাক্ত করতে পারে।	মল-ভিত্তিক পরীক্ষা আপনার মলে রক্ত আছে কি না তা পরীক্ষা করে। কোনো-কোনো পরীক্ষা ক্যান্সারের নির্দিষ্ট লক্ষণগুলিও পরীক্ষা করে।
<p>পলিপ হলো আপনার কোলনের একটি ছোট মাংসের পিণ্ড বা বৃদ্ধি। বেশিরভাগ পলিপ ক্যান্সারযুক্ত নয়, তবে কিছু পলিপ ক্যান্সারে পরিণত হতে পারে।</p>		
এই স্ক্রিনিংগুলি কতটা কার্যকর?	কোলনোস্কোপি কোলন ক্যান্সার খুঁজে পেতে এবং পলিপ অপসারণের মাধ্যমে কোলন ক্যান্সার প্রতিরোধে সাহায্য করতে কার্যকর।	মল-ভিত্তিক পরীক্ষাগুলি কোলন ক্যান্সার খুঁজে পেতে ভালো, তবে পলিপ খুঁজে পেতে ততটা কার্যকর নয়।
আমার ফলাফল পেতে কত সময় লাগবে?	সাধারণত কোলনোস্কোপির পরপরই আপনি প্রাথমিক ফলাফল পেয়ে যাবেন। আপনার যদি কোনো পলিপ থাকে, তবে চূড়ান্ত রিপোর্ট পেতে কয়েক দিন সময় লাগবে।	সাধারণত আপনি কয়েক দিনের মধ্যে আপনার ফলাফল পেয়ে যাবেন।
স্ক্রিনিংয়ের পর সুস্থ হওয়ার জন্য কি কোনো সময়ের প্রয়োজন আছে?	হ্যাঁ। আপনি কিছুটা ক্লান্ত বোধ করতে পারেন এবং এরপর কয়েক ঘণ্টা বিশ্রাম নিতে চাইতে পারেন।	না।
আমাকে কি ফলো-আপের জন্য সময় নির্ধারণ করতে হবে?	সাধারণত আপনার পরবর্তী কোলনোস্কোপির সময় না হওয়া পর্যন্ত প্রয়োজন হয় না। যদি কোনো সমস্যা পাওয়া যায়, তবে আপনার প্রদানকারী আপনার সাথে ফলো-আপ নিয়ে আলোচনা করবেন।	যদি মল-ভিত্তিক পরীক্ষার ফলাফল স্বাভাবিক না হয়, তবে আপনার একটি কোলনোস্কোপি করানোর প্রয়োজন হবে। অন্যথায়, আপনাকে শুধু আপনার পরবর্তী স্ক্রিনিং কখন করতে হবে সেটির খেয়াল রাখতে হবে।

আপনি যদি কোলন ক্যান্সার স্ক্রিনিংয়ের অন্যান্য বিকল্প সম্পর্কে জানতে আগ্রহী হন, তবে আপনার প্রদানকারীকে নিচের বিষয়গুলি সম্পর্কে জিজ্ঞাসা করুন:

- রক্ত পরীক্ষা
- সিটি কোলনোগ্রাফি
- ফ্লেক্সিবল সিগময়েডোস্কোপি

মনে রাখবেন, সেরা স্ক্রিনিং হলো সেটি যা আপনি করবেন।